**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 21-10-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-50 PM** **Compiling : NBR**
**DEO : KB** **NR : NBR**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ হাওড়ার উলুবেড়িয়ার শরৎচন্দ্র চট্টোপাধ্যায় মেডিক্যাল কলেজ হাসপাতালে, আবার এক মহিলা জুনিয়ার চিকিৎসকের নিগৃহ। # বিজেপি সহ বিরোধী দলগুলি এই ঘটনার তীব্র নিন্দা করেছে।

২/ দেশ জুড়ে ভোটার তালিকায় 'বিশেষ নিবিড় সংশোধনী' বা SIR সংক্রান্ত বিজ্ঞপ্তি জারির আগে নির্বাচন কমিশন, দেশের সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের নিয়ে আগামীকাল দুদিনের বৈঠকে বসছে।

৩/ 'অমৃত প্রকল্প'-এর আওতায় রাজ্য জুড়ে নগরোন্নয়ন খাতে প্রায় সাড়ে ৬০০ কোটি টাকার একগুচ্ছ প্রকল্প হাতে নিতে চলেছে সরকার।

৪/ রাজ্যের দমকল দফতর, অগ্নিনির্বাপণ ব্যবস্থাকে আধুনিক ও কার্যকর করতে এক সার্বিক পরিকল্পনার উদ্যোগ নিয়েছে।

৫/ দীপাবলীর পর আজও উৎসবের আমেজে গোটা রাজ্য। আলোর মালায় ভাসছে কলকাতা সহ সারা বাংলা।

৬/ কালীপুজোর পর, ভাইফোঁটাতেও রৌদ্রজ্জ্বল আবহাওয়া পেতে চলেছে রাজ্যবাসী।

*******************************************************************

হাওড়ার উলুবেড়িয়ার শরৎচন্দ্র চট্টোপাধ্যায় মেডিক্যাল কলেজ হাসপাতালে, আবার এক মহিলা জুনিয়ার চিকিৎসকের নিগৃহকে কেন্দ্র করে আবার সরগরম হয়ে উঠেছে রাজ্য রাজনীতি।

আকাশবাণীর হাওড়ার জেলা সংবাদদাতা জানিয়েছেন, গতকাল ওই চিকিৎসককে নিগ্রহ করা হয়। পুলিশের বড় আধিকারিক এবং নিজেকে পার্টির স্থানীয় নেতা বলে পরিচয় দিয়ে এক অস্থায়ী হোমগার্ড, মহিলা ডাক্তারকে অশ্লীল ভাষায় গালিগালাজ করে বলে অভিযোগ। নির্যাতিতা চিকিৎসক জানিয়েছেন, দুষ্কৃতীরা তাঁর হাত মচকে দেয় এবং রাস্তায় বেরোলে তাঁকে ধর্ষণ করা হবে বলে হুমকি'ও দেয়।

( বাইট- নির্যাতিতা ডাক্তার )

অভিযুক্ত হোমগার্ড তাঁর এক আত্মীয়াকে নিয়ে হাসপাতালের প্রসূতি বিভাগে দেখাতে এসেছিল। রোগী দেখাকে কেন্দ্র করেই ঘটনার সূত্রপাত বলে জানা গেছে। ওই চিকিৎসক উলুবেড়িয়া থানায় অভিযোগ দায়ের করেছেন। পুলিশ ওই অস্থায়ী হোমগার্ড সহ দুজনকে গ্রেপ্তার করেছে।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এই ঘটনার নিন্দা করেছেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, এই রাজ্যের মহিলারা যে সুরক্ষিত নয়, তা এই ঘটনায় আরো একবার প্রমাণিত হয়েছে। RG KAR কাণ্ডের পর রাজ্য সরকার একাধিক নির্দেশাবলী জারি করলেও, প্রকৃতপক্ষে কোন কাজ হয়নি।

( বাইট- সুকান্ত )

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, চারিদিকে মাতৃ আরাধনা চললেও, এখানে মহিলাদের কোনো নিরাপত্তা নেই। তিনি বলেন, রাজ্যের মুখ্যমন্ত্রী মহিলা হলেও, তাঁকে কোনো সহানুভূতি, কোনো সমবেদনা ছুঁতে পারে না।

জুনিয়ার ডক্টর্স ফ্রন্টের পক্ষ থেকে ডক্টর অনিকেত মাহাতো ঘটনার তীব্র নিন্দা করেছেন এবং চিকিতসকদের নিরাপত্তার দাবী জানিয়েছেন।

( বাইট- অনিকেত )

শরৎচন্দ্র চট্টোপাধ্যায় গভর্নমেন্ট মেডিকেল কলেজ হাসপাতালের প্রিন্সিপাল ডা: সনৎ কুমার ঘোষ জানিয়েছেন, সিসিটিভি ক্যামেরা ছিল ও সেই ফুটেজগুলো  পুলিশকে দেওয়া হয়েছে।

**********************

জলপাইগুড়ির ময়নাগুড়ির দ্বারীকামারি কালীহাট এলাকায় এক গৃহবধূকে গণধর্ষণের অভিযোগে তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। জানা গেছে, গত শুক্রবার রাতে কয়েকজন দুষ্কৃতী ওই মহিলার বাড়িতে ঢুকে গনধর্ষন করে বলে অভিযোগ। পুলিশে খবর দেওয়া হলে তদন্তে নেমে তিনজনকে গ্রেপ্তার করা হয়।

**********************

RG KAR মেডিক্যাল কলেজে মহিলা চিকিৎসকের ধর্ষণের ঘটনায় যাবজ্জীবন কারাদন্ডে দন্ডিত সঞ্জয় রায়ের ভাগ্নির মৃত্যুর ঘটনায় পুলিশ মৃতার বাবা ও মা-কে জেরা করছে। সঞ্জয়ের বড় দিদি ববিতার সঙ্গে বিয়ে হয়েছিল আলিপুর থানার বিদ্যাসাগর কলোনির বাসিন্দা ভোলা সিংহর। তাদের'ই মেয়ে ছিল সঞ্জনা। ববিতা মারা যাওয়ার পর মৃতার বাবা ভোলা, তাঁর শ্যালিকাকে বিয়ে করে। গতরাতে নাবালিকার সাড়া না পেয়ে বাড়ির লোকজন, ঘরের দরজা ভেঙে দেখে আলমারীর কাঠামো থেকে গলায় দড়ি দেওয়া সে ঝুলছে।  এই খবর বাইরে প্রকাশ পেতেই ক্ষোভে ফেটে পড়েন স্থানীয় বাসিন্দারা।

এই ঘটনাকে কেন্দ্র করে বিদ্যাসাগর কলোনীতে তীব্র উত্তেজনার সৃষ্টি হয়েছে। প্রতিবেশীদের দাবী, বাবা এবং সৎ মা দুজনে মিলে শাসনের নামে ওই নাবালিকার ওপর অত্যাচার করতো।

**********************

দেশ জুড়ে ভোটার তালিকায় ‘বিশেষ নিবিড় সংশোধনী’ বা SIR সংক্রান্ত বিজ্ঞপ্তি জারির আগে নির্বাচন কমিশন, দেশের সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের নিয়ে বৈঠকে বসছে। আগামীকাল ও বৃহস্পতিবার দিল্লির দ্বারকার ‘ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অফ ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্ট’-IIIDEM-এ অনুষ্ঠিত হবে মুখ্য নির্বাচনী আধিকারিকদের দুদিনের এই সম্মেলন। ওই বৈঠকে সব মুখ্য নির্বাচনী আধিকারিকদের উপস্থিতি বাধ্যতামূলক করা হয়েছে। ভোটার তালিকা সংশোধনের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত বা যুগ্ম মুখ্য নির্বাচনী আধিকারিক এবং রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলের মিডিয়া সমন্বয়কারীকেও বৈঠকে থাকতে হবে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে পাঠানো এক চিঠিতে নির্বাচন কমিশন বলেছে, সম্মেলনে উপস্থিত প্রতিনিধিদের সঙ্গে বিশদ আলোচনা করে বিশেষ নিবিড় সংশোধনী অভিযানকে আরও কার্যকর ও স্বচ্ছ করার জন্য রূপরেখা তৈরি হবে। পাশাপাশি রাজ্যগুলির মধ্যে সেরা কার্যপদ্ধতির বিনিময় ও ভোটার তালিকা প্রস্তুতিতে প্রযুক্তিনির্ভর উদ্যোগ নিয়েও আলাপ-আলোচনা চলবে।

উল্লেখ্য, ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী অভিযানের প্রস্তুতি শেষ পর্যায়ে বলে কমিশন জানিয়েছে।

**********************

এবারের খবরের আয়নার শুনবেন তামাক বর্জনের উপায় ও স্তনের ক্যান্সার সম্পর্কে চিকিৎসকদের পরামর্শ। অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, স্থানীয় সংবাদের ঠিক পরেই।

**********************

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজাদ হিন্দ বাহিনীর প্রতিষ্ঠা দিবসে আজ নেতাজী সুভাষচন্দ্র বসু এবং বাহিনীর সদস্যদের আত্মত্যাগের কথা স্মরণ করেছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে, শ্রী শাহ বলেন, আজাদ হিন্দ বাহিনীর মাধ্যমেই নেতাজী,
বিপ্লবীদের মনে আত্মবিশ্বাস জুগিয়েছিলেন যে নিজস্ব সেনা বাহিনী গঠন করেই ভারত স্বাধীনতা অর্জন করতে পারে।
এই উপলক্ষ্যে আলিপুরদুয়ার নেতাজী সুভাষ জন্ম শতবার্ষিকী কমিটি আয়োজিত এক অনুষ্ঠানে নেতাজী সুভাষচন্দ্রের জীবনের নানা দিক স্মরণ করা হয়।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইলঅ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

**********************

‘অম্রুত প্রকল্প’-এর আওতায় রাজ্যজুড়ে নগরোন্নয়ন খাতে প্রায় সাড়ে ৬০০ কোটি টাকার একগুচ্ছ প্রকল্প হাতে নিতে চলেছে সরকার। ওই প্রকল্পের অধীনে কেন্দ্র সম্প্রতি ২৫০ কোটি টাকা বরাদ্দ করেছে, যা দিয়ে শহরাঞ্চলের প্রতিটি পরিবারে পরিশোধিত পানীয় জল সরবরাহের ব্যবস্থা আরও প্রসারিত করা হবে। নিকাশি ব্যবস্থার আধুনিকীকরণ, রাস্তা মেরামত, ড্রেন সংস্কার, দূষণ নিয়ন্ত্রণে একাধিক পদক্ষেপ নেওয়ার পাশাপাশি শহরাঞ্চলে সবুজায়ন বাড়াতে নতুন পার্ক গড়ে তোলা ও পুরনো পার্কগুলির সংস্কারের কাজও হবে

এই প্রকল্পের অর্থে। রাজ্যের পুর ও নগরোন্নয়ন দপ্তর ইতিমধ্যেই অর্থ বরাদ্দের নির্দেশপত্র পেয়েছে এবং আগামী ডিসেম্বরের মধ্যেই তা' কাজে লাগানো হবে।

**********************

রাজ্যের দমকল দফতর, অগ্নিনির্বাপণ ব্যবস্থাকে আধুনিক ও কার্যকর করতে এক সর্বাঙ্গীন মাস্টার প্ল্যান হাতে নিয়েছে। সাম্প্রতিককালে রাজ্যে একাধিক অগ্নিকাণ্ডের ঘটনায় প্রাণহানির পর এই পরিকল্পনা বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। দ্রুত ঘটনাস্থলে পৌঁছনো এবং ঘনবসতিপূর্ণ এলাকায় তৎপরতার সঙ্গে অগ্নিনির্বাপণই এই উদ্যোগের মূল লক্ষ্য। দফতর সূত্রে জানা গিয়েছে, দুর্ঘটনার খবর পাওয়ার সঙ্গে সঙ্গেই ফায়ার ইঞ্জিন যাতে দ্রুত পৌঁছতে পারে, সেই জন্য অ্যাম্বুল্যান্স পরিষেবার আদলে 'গ্রিন করিডর' চালুর প্রস্তাব চূড়ান্ত হয়েছে। একইসঙ্গে নির্দিষ্ট নম্বর চালু করে পুলিশের ধাঁচে একটি 'ইন্টিগ্রেটেড কন্ট্রোল রুম' স্থাপন করার পরিকল্পনাও নেওয়া হচ্ছে। ওই কন্ট্রোল রুম থেকে রাজ্যের যে কোনও অংশে জরুরি ভিত্তিতে নির্দেশ পাঠানো সম্ভব হবে।

এর পাশাপাশি রাজ্যের বিভিন্ন জেলায় আরও ২৫টি নতুন দমকলকেন্দ্র গড়ে তোলার সিদ্ধান্তও হয়েছে। দুই ২৪ পরগণা, হাওড়া, হুগলি, বীরভূম, জলপাইগুড়ি এবং দার্জিলিং-সহ একাধিক জেলায় ঘনবসতিপূর্ণ ও বাণিজ্যিক এলাকায় এই নতুন কেন্দ্রগুলি তৈরি করা হবে। সরু গলিতে পৌঁছনোর সুবিধার জন্য ছোট ফায়ার ভেহিকল ও মোটরবাইকও কেনা হচ্ছে।

**********************

দীপাবলী ও কালীপুজোর পর আজও উৎসবের আমেজে গোটা রাজ্য। আলোর মালায় ভাসছে কলকাতা সহ সারা বাংলা। বারাসাত, মধ্যমগ্রাম, নৈহাটি সহ রাজ্যের বিভিন্ন জেলায় বিখ্যাত পুজোমন্ডপ গুলিতে চলছে প্রতিমা দর্শনের পালা।

এদিকে, দীপাবলি এবং কালীপুজো উপলক্ষে শহরে শব্দ বাজির ব্যবহারে গতরাতে বিষাক্ত হয়ে উঠেছিল মহানগরের বাতাস। আজও যাতে সেই একই রকম অভিজ্ঞতার মুখোমুখি না হতে হয় তার - ( ভিসি- কাশফিন )

**********************

কালীপুজোর পর, ভাইফোঁটাতেও রৌদ্রজ্জ্বল আবহাওয়া পেতে চলেছে রাজ্যবাসী। আগামী তিনদিন রাজ্যের প্রায় সব জেলাই শুষ্ক থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। তবে সপ্তাহান্তে থাকছে বৃষ্টির পূর্বাভাস। বাতাসে জলীয় বাষ্প প্রবেশ করার ফলে উপকূলীয় জেলাগুলিতে বিশেষ করে দুই ২৪ পরগণা এবং দুই মেদিনীপুর জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। উত্তরবঙ্গেও বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

*****************************************************************